



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



জমাকৃত অভিযোগ ও নিষ্পত্তি ব্যবস্থা

স্মারক নং-ঢাশিবো/বি/এপিএ/অভি:/১৮৯;

তারিখ-৩১/০১/২০২২

বিগত ০১/০১/২০২২ হতে ৩১/০১/২০২২ পর্যন্ত ০২ টি অভিযোগ পাওয়া যায় এবং উক্ত অভিযোগসমূহ নিষ্পত্তি করা হয়।

অভিযোগ-১

প্রতিষ্ঠানের নাম: মগবাজার গার্লস হাই স্কুল, ঢাকা।

অভিযোগকারীর নাম: সভাপতি, ম্যানেজিং কমিটি, মগবাজার গার্লস হাই স্কুল, ঢাকা।

প্রাপ্ত অভিযোগ: ১। বিদ্যালয়ের কাজের শৃঙ্খলাভঙ্গ; ২। কর্তব্যের অবহেলা; ৩। স্কুলের স্বার্থবিরোধী কাজে অংশগ্রহণ ও পেশাগত অসদাচরনসহ ইত্যাদি।

গৃহীত ব্যবস্থা: উভয় পক্ষের সমঝোতায় অভিযোগ প্রত্যাহার করায় তাঁর বকেয়া বেতন-ভাতাদি পরিশোধসহ স্বপদে পূর্ববহাল করার সিদ্ধান্ত গৃহীত হয়।

অভিযোগ-২


প্রতিষ্ঠানের নাম: আদর্শ উচ্চ বিদ্যালয়, কাফরুল, মিরপুর, ঢাকা।

অভিযোগকারীর নাম: সভাপতি, ম্যানেজিং কমিটি, আদর্শ উচ্চ বিদ্যালয়, কাফরুল, মিরপুর, ঢাকা।

প্রাপ্ত অভিযোগ: দুর্নীতি, কর্তব্যে অবহেলা, শিক্ষক-কর্মচারী ও অভিভাবকদের সাথে দুর্ব্যবহার, বিদ্যালয়ের অর্থ আত্মসাৎ, শিক্ষক-কর্মচারীদের নিকট হতে উৎকোচ গ্রহণ, ম্যানেজিং কমিটির সভার সিদ্ধান্ত জালিয়াতি, প্রতিষ্ঠানের টাকা নিজ নামে এফডিআর করা, শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশ অমান্য করা ও পেশাগত অসদাচরণ ইত্যাদি অভিযোগের প্রেক্ষিতে ০৩/০৪/২০১৮ তারিখ মাননীয় এমপি, ঢাকা- ১৫ ও সভাপতি, আদর্শ উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব মোঃ খোরশেদ আলম-কে সাময়িক বহিষ্কার আদেশ প্রদান করেন যা ০৪/০৪/২০১৮ তারিখ

হতে কার্যকর। আদেশ নামাটি সংশোধিত আকারে ১৮/০৪/২০১৮ তারিখের ম্যানেজিং কমিটির সভায় জনাব মোঃ খোরশেদ আলম-কে সাময়িক বরখাস্ত করণ ও ০৩/০৪/২০১৮ তারিখে গঠিত ৩ (তিন) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি সর্বসম্মতিক্রমে অনুমোদন করে। উক্ত সভায় ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক জনাব মোঃ শরীফ আহমেদ-কে সাময়িক বরখাস্তকৃত প্রধান শিক্ষক জনাব মোঃ খোরশেদ আলম-এর অভিযোগ অবহিত করে লিখিত জবাব চাওয়ার চিঠি প্রদানের দায়িত্ব অর্পণ করা ইত্যাদি।

গৃহীত ব্যবস্থা: মহামান্য আদালতের রায়, সাময়িক বরখাস্ত নিয়ে কোন মামলা না থাকায় বিস্তারিত আলোচনা, সংযুক্ত কাগজপত্র পর্যালোচনা করে তাঁর বকেয়া বেতন-ভাতাদি পরিশোধসহ স্বপদে পূর্ববহাল করার সিদ্ধান্ত গৃহীত হয়।



প্রফেসর মোহাম্মদ আবুল মনছুর ডুৱাণী
ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিদ্যালয় পরিদর্শক
অভিযোগ প্রতিকার ব্যবস্থা প্রণয়ন কমিটি
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।


০২/০৪/২০২২